

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি যখন কোন সালাতে ত্রুটি করে, তখন তার আমলনামায় কিছু সালাতের কমতি লিপিবদ্ধ করা হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ يُكتب لَهُ بَعْضُ صَلَاتِهِ إِذَا قصَّر فِي الْبَعْضِ الْآخَرِ

আরবী

1886 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْقَوَارِيرِيُّ قَالَ: حَدَّثَنِي سَعِيدٌ الْمَقْبُرِيُّ عَنْ عُمَرَ بْنِ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الْقَطَّانُ عَنْ عُمَرَ بْنِ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الْقَطَّانُ عَنْ عُمَرَ بْنِ الْحَارِثِ بِن هشام عَنْ أَبِيهِ: أَنَّ عَمَّارَ بْنَ يَاسِرٍ صَلَّى رَكْعَتَيْنِ فَحَقَّفَهُمَا الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ بِن هشام عَنْ أَبِيهِ: أَنَّ عَمَّارَ بْنَ يَاسِرٍ صَلَّى رَكْعَتَيْنِ فَحَقَّفَهُمَا فَقَالَ لَهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ الْحَارِثِ: يَا أَبَا الْيَقْظَانِ أَرَاكَ قَدْ خَفَقْفَهُمَا قَالَ: إِنِّي بَادَرْتُ فَقَقْلَمُا لَهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ الْحَارِثِ: يَا أَبَا الْيَقْظَانِ أَرَاكَ قَدْ خَفَقْفَهُمَا قَالَ: إِنِي بَادَرْتُ بِهِمَا الْوَسُواسَ وَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول (إِنَّ الرَّجُلَ لِيُصَلِّي بِهِمَا الْوَسُواسَ وَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول (إِنَّ الرَّجُلَ لِيُصلِي الصَّلَاةَ وَلَعَلَّهُ لَا يَكُونُ لَهُ مِنْهَا إِلَّا عُشرها أَوْ تُسعها أَوْ شُمنها أَوْ سُبعها أَوْ سُبعها أَوْ سُدسها) حَتَّى التَّا عَلَى العدد.

الراوي: أَبُو بَكْرِ بْن عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ بن هشام ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1886 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة)) / المقدمة، ((صحيح أبى داود)) (761).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: هَذَا إِسْنَادُ يُوهِمُ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْعِلْمِ أَنَّهُ مُنْفَصِلٌ غَيْرُ مُتَّصِلٍ وَلَيْسَ كَذَلِكَ لِأَنَّ عُمَرَ بْنَ أَبِي بَكْرٍ سَمِعَ هَذَا الْخَبَرَ عَنْ جَدِّهِ عَبْدِ الرَّحْمَنِ غَيْرُ مُتَّصِلٍ وَلَيْسَ كَذَلِكَ لِأَنَّ عُمَرَ بْنَ أَبِي بَكْرٍ سَمِعَ هَذَا الْخَبَرَ عَنْ جَدِّهِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ فَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ لِأَنَّ عُمَرَ بن بن إلْ الْحَارِثِ بْنِ هِشَامٍ عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ عَلَى مَا ذَكَرَهُ عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ لِأَنَّ عُمَرَ بن بي بَكْرِ لَمْ يَسْمَعْهُ مِنْ عَمَّارٍ عَلَى ظَاهِرهِ.

বাংলা



১৮৮৬. আবৃ বকর বিন আব্দুর রহমান বিন হারিস বিন হিশাম থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার আম্মার বিন ইয়াসির রাদ্বিয়াল্লাহু আনহু দুই রাকা'আত সালাত আদায় করেন অতঃপর তিনি তা হালকা করে আদায় করেন। তখন আব্দুর রহমান বিন হারিস তাকে বলেন, হে আবুল ইয়াকযোন, আমি আপনাকে দেখলাম যে, আপনি সালাত হালকা করে আদায় করলেন!" তখন তিনি বলেন, "আমি সালাতে ওয়াসওয়াসা আসার আগেই তা সম্পন্ন করলাম। নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "নিশ্চয়ই মানুষ সালাত আদায় করে, অথচ তার জন্য সালাতের অংশ থাকে এক দশমাংশ অথবা এক নবমাংশ অথবা এক অপ্তমাংশ অথবা এক সপ্তমাংশ অথবা এক স্বেচাংশ এভাবে তিনি এক সংখ্যা পর্যন্ত বলেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "অপরিপক্ক ইলমের অধিকারী ব্যক্তি এই হাদীসের বিষয়ে এই সংশয়ের শিকার হন যে, হাদীসটি হয়তো মুব্তাসিল নয়; মুসফাসিল বা বিচ্ছিন্ন সানাদের। অথচ ব্যাপারটি এমন নয়। কেননা উমার বিন আবৃ বকর এই হাদীসটি তার দাদা আব্দুর রহমান বিন হারিস বিন হিশামের মাধ্যমে আম্মার বিন ইয়াসির রাদ্বিয়াল্লাহু আনহুর থেকে শ্রবণ করেছেন, যা উবাইদ বিন উমার বর্ণনা করেছেন। কেননা উমার বিন আবৃ বকর বাহ্যত সরাসরি আম্মার বিন ইয়াসির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে শ্রবণ করেনি।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩১৯; আবূ দাউদ: ৭৯৬; নাসাঈ: ৭/৪৭৮; সুনান বাইহাকী: ২/২৮১; আত তায়ালিসী: ৬৫০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ বাকর ইবনু 'আবদুর রহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন